

বাস কর্মচারীদের প্রতি নির্দেশিকা

- (১) প্রতিটি বাসের ড্রাইভারকে ও কন্ডাক্টরকে উপযুক্ত এবং বৈধ লাইসেন্সধারী হতে হবে এবং বাসে কর্মরত থাকার সময় সেই মূল লাইসেন্স (অরিজিনাল) অবশ্যই কাছে রাখতে হবে।
- (২) প্রতিটি বাসে নির্দিষ্ট একজন কর্মীকে প্রয়োজনীয় সমস্ত কাগজপত্র অভিযোগ বই সহ হেপাজতের দায়িত্বে থাকতে হবে।
- (৩) প্রতিটি বাসকর্মীকে যাত্রীদের প্রতি সু-ব্যবহার করতে হবে।
- (৪) কোন বাসকর্মীর কোনওভাবে নেশাগ্রস্থ অবস্থায় বাসে ডিউটি করা যাবে না।
- (৫) কোনও বাসচালকেরই অস্বাভাবিক দ্রুতগতিতে, বিপজ্জনকভাবে ও রেবারেবি করে বাস চালানো যাবে না। অনুরূপভাবে বাসের কন্ডাক্টরগণকেও যাত্রী নিরাপত্তার দিকে নিশ্চিত হয়েই গাড়ী ছাড়ার জন্য ড্রাইভারকে সংকেত দিতে হবে। তৎসহ যেকোন যাত্রীকে বাসের ছাদে, বাম্পারে ও ফুটবোর্ডে ভ্রমণ করা থেকে নিবৃত্ত করতে হবে।
- (৬) বাস কর্মীদের বাসের নির্দিষ্ট স্টপেজ ও নির্ধারিত সময়সূচী অনুযায়ী বাস চালানোর ব্যবস্থা করতে হবে।
- (৭) বাসের কন্ডাক্টরদের সরকার নির্ধারিত হারে যাত্রীদের কাছ থেকে পুরো ভাড়া আদায় নিয়ে উপযুক্ত টিকিট প্রদান করতে বাধ্য হতে হবে।
- (৮) বৈধ কর্তৃপক্ষের আদেশ অমান্য, অবরোধ, ড্রাইভিং ও কন্ডাক্টর লাইসেন্সহীন ডিউটি, অস্বাভাবিক দ্রুত গতিতে ও বিপজ্জনকভাবে বাস চালানো, নিরাপত্তাহীনভাবে বাস ব্যবহার ইত্যাদির অপরাধে মোটরযান আইনের ১৭৯, ১৮০/১৮১, ১৮২, ১৮৩, ১৮৪ ও ১৯০ ধারায় অভিযুক্ত হবেন, যার জন্য সর্বোচ্চ ৬,০০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। একাধিকবার ঐ ভাবে অভিযুক্ত হলে লাইসেন্সও বাতিল হবার যোগ্য হবে।